

The Japan International Labour Foundation (JILAF) was founded by RENGO (Japanese Trade Union Confederation) in May 1989 as an organization to promote international exchange and cooperation in the field of labour.

জাপান ইন্টারন্যাশনাল লেবার ফাউন্ডেশনের (জেআইএলএএফ) যাত্রা শুরু হয় ১৯৮৯ সালের মে মাসে। শ্রম ক্ষেত্রে আন্তর্জাতিক বিনিময় ও সহযোগিতা সম্প্রসারণের জন্য আরইএনজিও বা রেনগো (জাপানিজ ট্রেড ইউনিয়ন কনফেডারেশন) এই সংস্থা প্রতিষ্ঠা করে।

Ever since our establishment, JILAF has consistently endeavored to assist trade unions in developing countries.

প্রতিষ্ঠার পর থেকেই জেআইএলএএফ উন্নয়নশীল দেশগুলোতে ট্রেড ইউনিয়নকে সাহায্য করার জন্য ক্রমাগতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

From now on also, JILAF aims to contribute to the strengthening and development of the labour movement and to sound social and economic development.

এছাড়াও এখন থেকে জেআইএলএএফ শ্রম আন্দোলনের বিকাশ ও তা শক্তিশালীকরণে এবং যথাযথ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখার লক্ষ্য নির্ধারণ করেছে।

Action

পদক্ষেপ

Invitation Program

আমন্ত্রণমূলক কর্মসূচি

JILAF invites 12 teams of junior trade union leaders, approximately 120 persons in total, to visit Japan every year. The teams are organized by region and theme. The participants, who are recommended by national centers affiliated with the ITUC, engage in various forms of training in Japan.

প্রতিবছর জেআইএলএএফ কনিষ্ঠ ট্রেড ইউনিয়ন নেতাদের ১২টি দল, অর্থাৎ প্রায় ১২০ জন নেতাকে জাপান সফরের আমন্ত্রণ জানায়। অঞ্চল ও বিষয় অনুসারে দলগুলোকে সংগঠিত করা হয়। আইটিইউসি অধিভুক্ত জাতীয় কেন্দ্রগুলোর সুপারিশ লাভকারী অংশগ্রহণকারীরা জাপানে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ কর্মকান্ডে সম্পৃক্ত হয়।

Local Support Projects

স্থানীয় সহযোগিতা প্রকল্প

After gauging the needs of trade unions in developing countries, we hold local seminars as necessary in accordance with the surrounding environment and implement a

livelihood-support project for people working in the informal sector, thereby contributing to both economic and social development and workers' education.

উন্নয়নশীল দেশগুলোতে ট্রেড ইউনিয়নের চাহিদা নিরূপণের পর পারিপার্শ্বিক পরিবেশের সাথে সামঞ্জস্য রেখে প্রয়োজন অনুসারে আমরা স্থানীয় সেমিনার আয়োজন করি এবং অনানুষ্ঠিক খাতে কর্মরত ব্যক্তিদের জন্য জীবিকা সহায়তা প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন এবং শ্রমিকদের শিক্ষা ক্ষেত্রে অবদান রাখি।